



প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, মস্কোতে বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা আয়োজন।

১০ জানুয়ারী ২০২১:

বাংলাদেশ দূতাবাস, মস্কো যথাযোগ্য মর্যাদায় বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করেছে। এ উপলক্ষে দূতাবাসের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে রাশিয়ান ফেডারেশনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান এর সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় যেখানে দূতাবাসের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়। এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করে শোনানো হয়। মূল আলোচনা সভায় দূতাবাসের কর্মকর্তাবৃন্দ তাদের বক্তব্য তুলে ধরেন। বক্তারা এই ঐতিহাসিক দিনটির তাৎপর্য উল্লেখপূর্বক বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে বঙ্গবন্ধুর অসামান্য নেতৃত্বের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন।

পরিশেষে মান্যবর রাষ্ট্রদূত এই ঐতিহাসিক দিবস উপলক্ষে আয়োজিত সভার সমাপনী বক্তব্যে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের প্রেক্ষাপট আলোচনাপূর্বক এই দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আন্দোলন-সংগ্রাম ও জীবনভর আত্মত্যাগের নিদর্শন থেকে শিক্ষা নিয়ে সকলকে দেশের উন্নয়নে আত্মনিয়োগ করার উদাত্ত আহ্বান জানান।

সবশেষে অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ও সুস্বাস্থ্য কামনা করে এই আয়োজনের পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

